

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৬৪.৩১.০০০৪.২৬-১৯৮

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২  
৩০ মার্চ ২০২৬

বিষয়: কক্সবাজার জেলার পেকুয়া উপজেলাধীন পেকুয়া পৌরসভা গঠন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় গত ২৪ মার্চ ২০২৬ তারিখে প্রকাশিত এস. আর. ও. নং-৭৪-আইন/২০২৬ এর মাধ্যমে ঘোষিত শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত প্রজ্ঞাপনের কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

কক্সবাজার জেলার পেকুয়া উপজেলায় পেকুয়া পৌরসভা গঠনের লক্ষ্যে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩ ধারার উপ-ধারা (৩) এর বিধানমতে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত সংক্রান্ত প্রজ্ঞাপনের বিরুদ্ধে উক্ত এলাকার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বিজ্ঞপ্তি প্রকাশের অনূর্ধ্ব ০১ (এক) মাসের মধ্যে সরকারের পক্ষে জেলা প্রশাসক বরাবর লিখিত আপত্তি উত্থাপন করতে পারবে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩ ধারার উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত সংক্রান্ত প্রজ্ঞাপনের বিষয়ে উত্থাপিত আপত্তিসমূহ (যদি থাকে) ধারা ৩ এর উপ-ধারা (৪) মোতাবেক নিষ্পত্তি করে এ বিভাগে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত প্রজ্ঞাপনের গেজেট।

(আশফিকুন নাহার)  
উপসচিব

ফোন-০২-২২৩৩৫৫৫৭২

e-mail: [lgpaura2@lgd.gov.bd](mailto:lgpaura2@lgd.gov.bd)

জেলা প্রশাসক  
কক্সবাজার।

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (পৌরসভা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (পৌরসভা-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী অফিসার, পেকুয়া, কক্সবাজার।
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ২৪, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১০ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ/২৪ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৭৪-আইন/২০২৬।—সরকার, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কক্সবাজার জেলার পেকুয়া উপজেলাধীন নিম্নতফসিলে উল্লিখিত পল্লী এলাকাসমূহকে এতদ্বারা শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিল, যথা:—

তফসিল

ক্র. নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল. নং	দাগ নং
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	০৪ নং পেকুয়া	পেকুয়া	০৮	১-৮৯৫
				১৫০১-৩৪৩৩
				৪০০১-৫১১১
				৭০২০-৭৮৪১
				১০০০১-১০১৭৬
				১১০০১-১১৩০৭
				১২০০১-১২২০৮

(১৪০৭১)

মূল্য : টাকা ৪.০০

ক্র. নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল. নং	দাগ নং
(১)	(২)	(৩)	(৪)	(৫)
		মেহেরনামা	০৭	১-৪৫৮
				৫১১-৫১৫
				৪০০১-৪০৩৭

২। উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক এই প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ উক্তরূপ প্রস্তাবের বিরুদ্ধে সরকারের নিকট লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে এবং উপ-ধারা (৪) এর বিধান মোতাবেক সরকার উক্তরূপে উত্থাপিত আপত্তি তিন (৩) মাসের মধ্যে নিষ্পন্ন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আশফিকুন নাহার  
উপসচিব।